দৈনিক ইত্তেফাক

তারিখ 09 SEP 1990
পৃষ্ঠা ... কলাম ...

## ৫টি ভার্সিটি কলেজের মানোন্নয়নের সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয়গুলির বর্তমান চাপ হ্রাস এবং স্নাতকোত্তর শিক্ষার সুযোগ ব্যাপকতর করার লক্ষ্যে চার বিভাগের পাঁচটি বিশ্ববিদ্যা-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পাঁচটি বিশ্ববিদ্যালয় কলেজ

( ১ম পৃঃ পর )

লয় কলেজকে আরও সম্প্রসারিত ও এইগুলির মান উন্নত করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে যাহাতে ইহারা অদূর ভবিষ্যতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদানে সক্ষম হইতে পারে।

বাসস জানায়, গতকাল (শনিবার) আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ভাইস চ্যান্সেলরদের মাসিক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভাপতিত্ব করেন প্রেসিডেন্ট এরশাদ। সভায় আরও সিদ্ধান্ত নেওয়া হয় যে, উচ্চতর শ্রেণীর ছাত্র-ছাত্রীরা যাহাতে পর্যাপ্ত সংখ্যায় বাংলায় লেখা টেক্সট বই পাইতে পারে সেজন্য বিশ্ববিদ্যালয়গুলিকে পদক্ষেপ গ্রহণ করিতে হইবে।

প্রেসিডেন্ট এরশাদ হোম ইকনমিক কলেজ, লেদার কলেজ, মিউজিক কলেজ, চট্টগ্রাম আর্ট কলেজ এবং সিরামিক ইনষ্টিটিউটের জনসংখ্যা এবং অন্যান্য জিনিসের প্রয়োজন পরীক্ষা করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে নির্দেশ দিয়াছেন। প্রেসিডেন্ট মঞ্জুরী কমিশনকে এ ব্যাপারে একটি রিপোর্ট প্রণয়নের জন্যও বলেন—যাহা ভাইস-চ্যান্সেলর কমিটি বিবেচনা করিবে। প্রেসিডেন্ট উপজেলা সদরের নীচে এস এস সি পরীক্ষা কেন্দ্র স্থাপন না করার এবং ব্যাপকভাবে নকল প্রতিরোধ করার জন্য সন্তোষ প্রকাশ করিয়াছেন। প্রেসিডেন্ট উল্লেখ করেন যে, সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়গুলির শিক্ষার পরিবেশ ক্রমান্বয়ে উন্নত হইতেছে। তিনি বলেন, ইহা সুস্থ লক্ষণ। তিনি দৃঢ় আশা পোষণ করেন শিক্ষার পরিবেশ আরও উন্নত হইবে। তিনি এ ব্যাপারে শিক্ষকদের অবদানের জন্য ধন্যবাদ জানান। প্রেসিডেন্টের প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার, প্রেসিডেন্টের মুখ্যসচিব এ, এইচ সাদিক মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান, শিক্ষা সচিব এএনএম ইউসুফ, মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক শামসুল হক, বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরগণ উপস্থিত ছিলেন।

23